

শুনানী কর্মকর্তা: ঠিক আছে। আমি কি সবার মনোযোগ দাবি করতে পারি?

আমি এখন আমার সূচনা বক্তব্য রাখতে যাচ্ছি যা তিনজন দোভাষী ম্যান্ডারিন, ক্যান্টোনিজ, বাংলা ও স্প্যানিশ ভাষায় অনুবাদ করবেন।

শুরু করার পূর্বে আমি আপনাদের পরিচয় করিয়ে দেবো তিনজন দোভাষীর সঙ্গে, যারা কথা বলবেন ক্যান্টোনিজ ও ম্যান্ডারিন ভাষায়।

ম্যান্ডারিন/ক্যান্টোনিজ দোভাষী: (ম্যান্ডারিন/ক্যান্টোনিজ-এ)

শুনানী কর্মকর্তা: এবং বাংলায়।

বাংলা দোভাষী: (বাংলায়।)

স্প্যানিশ দোভাষী: (স্প্যানিশে।)

শুনানী কর্মকর্তা: আজ রাতে আপনারা যে উপস্থাপনাগুলো শুনবেন সেগুলো যুগপৎভাবে অনূদিত হবে না, কিন্তু এর অনুবাদ আমরা দু'টি ওয়েবসাইটের কোন একটিতে পোস্ট করে দেবো, যেগুলো হলো: সিটি'র ওয়েবসাইট nyc.gov/oec-এ অথবা ইকোনোমিক ডেভেলপমেন্ট করপোরেশন-এর ওয়েবসাইট nycedc.com-এ।

স্প্যানিশ দোভাষী: (অনুবাদ করছে।)

ম্যান্ডারিন/ক্যান্টোনিজ দোভাষী: (অনুবাদ করছে।)

বাংলা দোভাষী: (অনুবাদ করছে।)

স্প্যানিশ দোভাষী: (অনুবাদ করছে।)

শুনানী কর্মকর্তা: এছাড়া আপনি যখন আজ রাতে কোন মন্তব্য করবেন, এই দোভাষীগণ আপনার মন্তব্য আমাদের জন্য ইংরেজিতে অনুবাদ করবেন এবং এই প্রক্রিয়াটির শেষে এর সম্পূর্ণ লিখিত বিবরণ পাওয়া যাবে।

ম্যান্ডারিন/ক্যান্টোনিজ দোভাষী: (অনুবাদ করছে।)

বাংলা দোভাষী: (অনুবাদ করছে।)

স্প্যানিশ দোভাষী: (অনুবাদ করছে।)

শুনানী কর্মকর্তা: আপনাদেরকে অনেক ধন্যবাদ।

আমরা সূচনা বক্তব্যগুলো আরেকবার পুনরাবৃত্তি করবো। এবং, আমি যেমনটি বলেছি, এগুলো চারটি ভাষায় অনূদিত হবে ও সিটি'র ওয়েবসাইটে তা পাওয়া যাবে।

সবাইকে শূভ সন্ধ্যা এবং উইলেটস পয়েন্ট ডেভেলপমেন্ট প্রজেক্ট (Willets Point Development Project) -এর গণশুনানী সভায় স্বাগতম।

আমার নাম রবার্ট কুলিকোওস্কি (Robert Kulikowski), আমি মেয়রের সহকারি। আমি এছাড়াও পরিবেশগত সমন্বয় বিষয়ক মেয়র কার্যালয়ের পরিচালকও।

প্রকল্পের পরিবেশগত দিক পর্যালোচনার প্রধান দায়িত্বপ্রাপ্ত সংস্থা, অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক ডেপুটি মেয়রের কার্যালয়ের প্রতিনিধিত্বকারী হিসেবে আজ রাতের সভায় আমি সভাপতিত্ব করবো।

এখন প্রায় ৭টা বাজে এবং আজ বিকেল ৪:৪৫ মিনিটে শুরু হওয়া সভাটি আমরা চালিয়ে যাচ্ছি।

সভাটি অনুষ্ঠিত হচ্ছে বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৭, ২০১২ তারিখে P.S. 19 ম্যারিনো জিনটেট (Marino Jeantet), 98-02 রোজাভেল্ট অ্যাভিনিউ, কুইন্স, নিউ ইয়র্ক, এই ঠিকানায়।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে এটি একটি একক সভা। এর দু'টি অধিবেশন রয়েছে এবং প্রথম অধিবেশনে কথা বলা ব্যক্তিদেরকে যে কোন একটি অধিবেশনে কথা বলার অনুরোধ করা যাচ্ছে, কিন্তু উভয়টিতে নয়।

আজকের অনুষ্ঠানে আমাদের সাথে প্রকল্পের অন্য যারা এখানে রয়েছেন তাদের সঙ্গে আপনাদের পরিচয় করিয়ে দেবো:

নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক উন্নয়ন কর্পোরেশনের ডেভিড কোয়ার্ট, যিনি মিনিটখানের মধ্যে একটি সংক্ষিপ্ত সূচনা বক্তব্য প্রদান করবেন;

ওয়াচটেল, মিসির মিসরি (Wachtel, Masyr Missry)-এর ইখান গুডম্যান, যিনি ডেভেলপারদের প্রতিনিধিত্ব করছেন এবং প্রকল্পটির একটি সারসংক্ষেপ প্রদান করবেন; এবং

একেআরএফ থেকে পরিবেশ বিষয়ক পরামর্শক লিন ডো, যিনি সম্পূর্ণক পরিবেশগত প্রভাব বিবরণী বা এসইআইএস (Supplemental Environmental Impact Statement or SEIS) প্রণয়নে নেতৃত্ব

দিচ্ছেন; তিনি এসইআইএস-এ বিশ্লেষণ করা হবে এরূপ সম্ভাব্য প্রভাবপ্রভাব ক্ষেত্রসমূহ সংক্ষিপ্তভাবে বর্ণনা করবেন।

আপনাদের মধ্য থেকে অধিকাংশ লোকই জানেন যে, মূল উইলেটস পয়েন্ট (Willetts Point) প্রকল্পের জন্য একটি চূড়ান্ত সাধারণ পরিবেশগত প্রভাব বিবরণী (Final Generic Environmental Impact Statement) তৈরি করা হয়েছিল।

মূল উইলেটস পয়েন্ট প্রকল্পের জন্য চূড়ান্ত সাধারণ পরিবেশগত প্রভাব বিবরণীটি ২০০৮ সালে তৈরি করা হয়েছিল এবং সেসময় প্রস্তাবিত প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে বিভিন্ন কারণে প্রকল্পটি পরিবর্তিত হলে, প্রস্তাবিত পরিবর্তনগুলো সম্পর্কে অধিকতর বিশ্লেষণ প্রদানের জন্য একাধিক কারিগরি স্মারক ইস্যু করা হয়।

বর্তমান প্রকল্পটি হচ্ছে উইলেটস পয়েন্ট সিটি ফিল্ড (Willetts Point Citi Field) এলাকাটিকে বিবিধ ব্যবহারের জন্য পুনঃউন্নয়ন করা যা ২০৩২ সাল নাগাদ সম্পন্ন হবে। এই প্রস্তাবনাটিতে ২০০৮ জিইআইএস-এর অনুরূপ বিশ্লেষণ ও অনুমিত উন্নয়ন একীভূত করা হয়েছে। তবে এতে একটি নতুন উপাদান প্রস্তাব করা হয়েছে যার আওতায় সিটি ফিল্ডের পশ্চিমে বা “উইলেটস ওয়েস্ট”-এর পার্কে ময়দানে ১.৪ মিলিয়ন বর্গফুটের একটি বিনোদন ও খুচরা বিপণন কেন্দ্র তৈরি করা হবে।

প্রকল্পের এই বাড়তি উপাদান ও প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে পরিবর্তনের কারণে, ডেপুটি মেয়রের কার্যালয় নতুন প্রস্তাবনাটির সম্ভাব্য প্রভাব পর্যালোচনা করতে একটি এসইআইএস প্রস্তুত করার শর্ত দিয়েছে। এসইআইএসটি জিইআইএস-এর আওতায় করা বিশ্লেষণসমূহ ও তৎপরবর্তী কারিগরি হালনাগাদসমূহের সংযোজন বা সম্পূরক হিসেবে কাজ করবে এবং সেগুলো হালনাগাদ করবে।

সম্পূরক ইআইএস অন্যান্য ইআইএস-এর মতোই একই শর্তের অধীন এবং যার ফলে এতে শুনানীসহ সরকারি প্রক্রিয়ার অন্য সকল পদ্ধতি অনুসরণ করা হবে। আজ এজন্যই আমরা এখানে হাজির হয়েছি।

এই সভাটির লক্ষ্য হচ্ছে আগস্ট ২৮, ২০১২ তারিখে অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক ডেপুটি মেয়রের কার্যালয়-কর্তৃক ইস্যুকৃত সম্পূরক পরিবেশগত প্রভাব বিবরণীর খসড়া কার্যপরিধিটির উপর জনগণের মতামত শোনা।

নিউ ইয়র্ক সিটি’র আইন মোতাবেক, পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়ার অংশ হিসেবে শুনানী সভা করা আবশ্যিক।

পরিবেশগত প্রভাব বিবরণী কিভাবে প্রকল্পটিকে বিশ্লেষণ করবে এটি সে সম্পর্কে জনগণকে মতামত প্রদানের আগাম সুযোগ প্রদান

করে।

শুনানীর লক্ষ্য হচ্ছে পরিবেশগত পর্যালোচনার সময় উঠে আসা সম্ভাব্য প্রভাব ও প্রতিকার বিষয়ক ইস্যুগুলো চিহ্নিতকরণে সিটি-কে সহায়তা করা।

ইতিবাচক ঘোষণা, যা এ যাবৎ চিহ্নিত সম্ভাব্য প্রভাবসমূহের একটি বিবরণী, এবং খসড়া কার্যপরিধি আগস্ট ২৮, ২০১২ তারিখ থেকে ইডিসি ও পরিবেশগত সমন্বয় বিষয়ক মেয়র কার্যালয়ের ওয়েবসাইটে পোস্ট করা হয়েছে এবং এই সভার বিজ্ঞপ্তি হিসেবেও এটি অন্তর্ভুক্ত হয়েছে।

এই সভার সময় ও স্থান এছাড়াও নিউ ইয়র্ক পোস্ট, এল দিয়ারিও (El Diario), ও দি কুইন্স লেজার (the Queens Ledger) -এ ২৯ আগস্ট ২০১২ তারিখে এবং সিটি রেকর্ড-এ ২৭ আগস্ট থেকে ৩১ আগস্ট তারিখে প্রকাশ করা হয়েছে।

খসড়া কার্যপরিধির উপর মতামত প্রদানের সময় শেষ হওয়ার পর, অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক কার্যালয় (Office of Economic Development) একটি চূড়ান্ত কার্যপরিধি ইস্যু করবে যা খসড়া সম্পূর্ণক ইআইএস প্রস্তুতকরণে দিকনির্দেশনা প্রদান করবে। বিশ্লেষণের পূর্বে ইআইএস দলিলটির উপরও বাড়তি গণ-পর্যালোচনা ও মতামত গ্রহণ করা হবে।

আজকের অধিবেশনটি একাধিক ভাগে আয়োজন করা হবে। প্রথমত, আমরা ডেভিড কোয়ার্ট-কর্ভুক প্রস্তাবিত প্রকল্পটির উপর একটি সংক্ষিপ্ত সূচনা বক্তব্য শুনবো, তারপর ইখান গুডম্যান প্রস্তাবিত প্রকল্পটির বিস্তারিত তুলে ধরবেন। এবং এরপর প্রকল্পের পরিবেশ বিষয়ক পরামর্শক লিন ডো কার্যপরিধি দলিলটির সারসংক্ষেপ তুলে ধরবেন ও পরিবেশগত ক্ষেত্রে প্রকল্পের সম্ভাব্য প্রভাবসমূহও বিশ্লেষণ করবেন।

তৃতীয়ত, সভাস্থলের শৃঙ্খলা বজায় রাখতে প্রক্রিয়াগত কিছু বিষয় অবহিত করা শেষে আমরা আপনাদের মতামত শুনবো।

অতঃপর ডেভিড কোয়ার্ট প্রস্তাবিত প্রকল্পগুলো সম্পর্কে একটি সংক্ষিপ্ত সূচনা বক্তব্য প্রদান করবেন।

মিস্টার কোয়ার্ট: আপনাকে ধন্যবাদ।

সবাইকে শুভ সন্ধ্যা। আমার নাম ডেভিড কোয়ার্ট এবং আমি অর্থনৈতিক উন্নয়ন কর্পোরেশনের (Economic Development Corporation) সিনিয়র সহ-সভাপতি।

উইলেটস পয়েন্ট ডেভেলপমেন্ট প্রজেক্ট হচ্ছে একটি সমন্বিত পরিকল্পনা, অঞ্চলায়ন ও পুনঃউন্নয়ন কৌশল যা ৪৬-একরের সিটি ফিল্ড এলাকাসহ মোটামুটি মানসম্পন্ন ও অমর্যাদাকর পরিবেশের আনুমানিক ৬২-একরের একটি স্বল্প-ব্যবহৃত সাইটকে একটি প্রাণবন্ত, বিবিধ ব্যবহারের একটি টেকসই কমিউনিটি ও আঞ্চলিক গন্তব্যে পরিণত করবে।

বহু দশক ধরে, উইলেটস পয়েন্টকে পরিষ্কার পরিচ্ছন্ন করা ও নৃপান্তরের একাধিক প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। কমিউনিটি-কেন্দ্রিক এই পরিকল্পনাটি স্থানীয় নির্বাচিত প্রতিনিধি ও অন্যান্য গুরুত্বপূর্ণ অংশীদারদের সহযোগিতায় কয়েক বছর ধরে তৈরি করা হয়েছে, যার ফলশ্রুতিতে ২০০৮ সালে সিটি কাউন্সিল-কর্তৃক স্পেশাল উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্ট ও নগর নবায়ন পরিকল্পনা (Urban Renewal plan) গ্রহণ করা হয়।

২০০৯ সালে, সিটি একটি উন্মুক্ত দরপত্র আহ্বান করে যার ফলশ্রুতিতে ২০১১ সালে একটি টার্গেটেড ডেভেলপমেন্ট আরএফপি (Targeted development RFP) ইস্যু করা হয়। প্রথম পূর্ণাঙ্গ পর্যায়ের কাজের জন্য রিলেটেড কোম্পানীজ (Related Companies) ও স্টার্লিং ইকুইটিজ (Sterling Equities)-এর যৌথ অংশীদারিত্ব কুইন্স ডেভেলপমেন্ট গ্রুপকে (Queens Development Group) সিটির পক্ষ থেকে নির্বাচিত করা হয়।

প্রকল্প ও এর সহযোগী কার্যক্রমসমূহ, যা সম্পূর্ণক ইআইএস-এ বিশ্লেষণ করা হবে, একটি সমন্বিত পরিকল্পনার দ্বারা উন্মোচন করবে যা, উইলেটস পয়েন্ট নবায়ন পরিকল্পনায় যেমনটি ধারণা করা হয়েছিল ঠিক সেভাবে এই এলাকার উন্নয়নকে স্বরাশ্রিত করবে।

পাশাপাশি, এটি সিটি ফিল্ডের পশ্চিম দিককারও উন্নয়ন করবে যেখানে উইলেটস ওয়েস্ট নামে একটি বিপণন ও বিনোদন কেন্দ্র তৈরি করা হবে। কুইন্স-এ অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি কেন্দ্রস্থল বিকশিত হবে যার সাথে আশপাশের এলাকাগুলোর একটি শক্তিশালী যোগাযোগ থাকবে।

প্রকল্পটি ধাপে ধাপে অগ্রসর হবে, এবং এর শুরুর হবে প্রয়োজনীয় পরিবেশগত ক্ষতি প্রতিকারের মাধ্যমে, যেন প্রকল্পের গুরুত্বপূর্ণ পরিবেশগত সুবিধার দিকটি তুলে ধরা যায় – প্রকল্পের শুরুর দিকে যে পরিমাণ জমি ছাড় দেওয়ার পরিকল্পনা ছিল তার চেয়ে বেশি জমি ছাড় দেওয়া প্রত্যাশিত। এটি পরিকল্পনাটির একটি প্রধান যৌক্তিকতা এবং একটি গুরুত্বপূর্ণ অর্জন হিসেবেও বিবেচিত হবে।

এরপর থাকবে একাধিক রূপান্তরকারী ধাপ, যার মধ্যে রয়েছে, সবসময় যেমনটি কল্পনা করা হয়েছিল, সেই প্রথম পর্যায়ের উন্নয়ন, যা পরবর্তী কয়েক মিনিটের মধ্যে কুইক্স গ্রুপের একজন প্রতিনিধি আরও বিস্তারিতভাবে তুলে ধরবেন।

সম্পূর্ণক ইআইএসটিও খুচরা বিপণন, আবাসিক ও অন্যান্য উন্নয়ন, বর্তমানে যেটি দ্বিতীয় পর্যায়ের এলাকা সেখানে, বাস্তবায়নের ভবিষ্যৎ পর্যায়কে বিশ্লেষণ করবে।

২৩-একর বিশিষ্ট প্রথম পর্যায়ের এলাকাটি ডিস্ট্রিক্ট-এর দক্ষিণ-পশ্চিম অংশে অবস্থিত, যার চারপাশে ঘিরে রয়েছে রোজাভেল্ট অ্যাভিনিউ, ৩৫ অ্যাভিনিউ, ১২৬ ও ১২৭ নং সড়ক, আমার ডানদিকের বোর্ডটিতে যেমনটি দেখানো আছে।

উইলেটস ওয়েস্ট ও প্রথম পর্যায়ের উন্নয়ন কাজ শেষ হওয়ার পর, প্রকল্পের ওই অংশটি একীভূত ডিস্ট্রিক্টের ৫ মিলিয়নেরও বেশি বর্গফুট জায়গা নতুন করে উন্নয়নের জন্য উন্মুক্ত হবে, যার ফলে যেটি বর্তমানের দূষিত এলাকা হিসেবে পরিচিত সেটি নতুন প্রতিবেশী হিসেবে আবির্ভূত হবে।

নতুন বাণিজ্যিক আবাসিক এলাকা, যার ৩৫ শতাংশ আবাস সাশ্রয়ী মূল্যে পাওয়া যাবে, হোটেল ও উন্মুক্ত স্থানের ব্যবহারের ফলে ৭,০০০ স্থায়ী চাকুরি ও ১২,০০০ নির্মাণ কাজের সুযোগ সৃষ্টি করবে, যাতে এমডব্লিউবিই ও স্থানীয়ভাবে নিয়োগের পরিমাণ হবে ২৫ শতাংশ। এটি এছাড়াও বর্তমানে উপশহরগুলোতে অপচয় হওয়া কয়েক বিলিয়ন ডলারের সমপরিমাণ অর্থ সাশ্রয় করবে।

প্রথম পর্যায়ে এছাড়াও রয়েছে নতুন ভ্যান উইক এক্সপ্রেসওয়ে (Van Wyck Expressway) অ্যাক্সেস রাম্পস (access ramps), যার জন্য সিটি এই বছরের শুরুর দিকে প্রয়োজনীয় অনুমোদন সংগ্রহ করেছে।

সম্পূর্ণ প্রকল্পটির উন্নয়ন ২০৩২ সাল নাগাদ শেষ হওয়ার আশা করা যাচ্ছে এবং চূড়ান্ত জিইআইএস-এ যেমনটি অনুমান করা হয়েছে বিশেষ উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্টের পূর্ণাঙ্গ নির্মাণ কাজও সে সময়ের মধ্যে উল্লেখযোগ্য পরিমাণে সম্পন্ন হবে।

এছাড়া, ডিসেম্বর ২০১১ সালে সিটি-কর্তৃক ভিত্তি প্রস্তর স্থাপন করা বহুল-আবশ্যিক সাইট-বহির্ভূত অবকাঠামো নির্মাণের কাজও পূর্ব-নির্ধারিত সময়সূচি অনুযায়ী এগিয়ে যাচ্ছে। ৫০ মিলিয়ন ডলারের এই উন্নয়ন কাজ, যা ২০১৩ সাল নাগাদ শেষ হবে, উইলেটস পয়েন্ট-এর পুনঃউন্নয়নের কাজে সহায়ক হবে এবং আরও ৩৫০টি নির্মাণ বা নির্মাণ-সংক্রান্ত চাকুরির সুযোগ সৃষ্টি করবে।

সিটি বর্তমানে প্রথম পর্যায়-ভুক্ত এলাকার মোট সম্পত্তির প্রায় ৯৫ শতাংশের মালিক বা কিনবে বলে চুক্তিবদ্ধ হয়েছে।
এবং সম্পত্তির বাকী মালিকদের সাথে এটি অব্যাহতভাবে আলোচনা চালিয়ে যাচ্ছে।

সিটি ও স্থানান্তর বিশেষজ্ঞ প্রতিষ্ঠান- কর্নারস্টোন গ্রুপ (Cornerstone Group) মিলে সম্প্রতি সিটির-
মালিকানাধীন প্রকল্পের পর্যায় ১-ভুক্ত সম্পত্তিতে পরিচালিত ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ করেছে যাতে সেসব ব্যবসা
প্রতিষ্ঠান ভবিষ্যত ব্যবসা স্থানান্তরে সিটির বিভিন্ন সেবায় আগাম সুবিধা পেতে তাদের প্রয়োজনীয় তথ্যাদি পায়।

পর্যায় ১-এ সিটির-মালিকানাধীন সম্পত্তিতে পরিচালিত ইজারা ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে স্থানান্তর সহায়তা প্রদান করা
হবে।

সাম্প্রতিক যোগাযোগ প্রচেষ্টা চালানোর সময়, কর্নারস্টোন এছাড়াও ইজারা গ্রহীতাদের সাথে স্থানান্তরের জায়গা নিয়ে
আলোচনা শুরু করেছে। কর্নারস্টোন বিনামূল্যে ইজারা গ্রহীতাদের সাথে কাজ করে যাবে যাতে করে ২০১৩ সালের শুরুতে তাদের
স্থানান্তরে সহায়তা করা যায়।

সবশেষে, ডিস্ট্রিক্টের সকল শ্রমিক উইলেটস পয়েন্ট শ্রমিক সহায়তা কর্মসূচির আওতায় প্রশিক্ষণ সুবিধা লাভ করবেন
যা লাগারদিয়া কমিউনিটি কলেজ (LaGuardia Community College)-কর্তৃক পরিচালিত হবে। এখন
পর্যন্ত, কর্মসূচিটিতে ৫০০ শ্রমিক নিবন্ধন করেছে যারা তাদের ইংরেজির দক্ষতা, বৃত্তিমূলক দক্ষতা ও কম্পিউটার জ্ঞান বাড়াতে
কর্মসূচিটিতে অংশ নিচ্ছে।

পর্যায় ১-এ কাজ করা অন্যান্য শ্রমিকরাও কর্মসূচিটিতে যোগ দিলে তাদেরকে সবসময় স্বাগত জানানো হবে। পরবর্তী
কোর্সের ক্লাস শুরু হবে আগামী মাস থেকে।

আপনাদেরকে অনেক ধন্যবাদ।

শুনানী কর্মকর্তা: ধন্যবাদ, ডেভিড।

এখন ইখান গুডম্যান প্রকল্পটি সম্পর্কে আমাদের একইরূপ একটি ধারণা প্রদান করবেন।

মিস্টার গুডম্যান: আপনাকে ধন্যবাদ।

শুভ সন্ধ্যা। আমার নাম ইখান গুডম্যান এবং আমি ওয়াচটেল, মিসরি ও মিসরি (Wachtel, Masyr &
Missry) ব্যবসা প্রতিষ্ঠানের একজন প্রকল্প ব্যবস্থাপক। আমরা কুইন্স উইলেটস পয়েন্ট প্রকল্পের ডেভেলপার ও রিলেটেড ও

স্টার্লিং ইকুইটিজ-এর যৌথ উদ্যোক্তা কুইন্স ডেভেলপমেন্ট গ্রুপের ভূমি ব্যবহার বিষয়ক পরামর্শক।

আজকের সভার আলোচ্য বিষয় হচ্ছে সম্পূর্ণ পরিবেশগত প্রভাব বিবরণী বা এসইআইএস এবং প্রকল্পটির প্রভাব গবেষণার জন্য এটি প্রস্তুত করা হবে, উল্লেখ্য ২০০৮ সালে গবেষণা করা প্রকল্পটি সম্প্রসারিত করে এই প্রকল্পটি তৈরি করা হয়েছে।

প্রকল্পটির ২০০৮ সালে গবেষণা করা সকল উপাদান ছাড়াও, এই এসইআইএস বিদ্যমান সিটি ফিল্ড পার্কিং মাঠের উপর সিটি ফিল্ডের পশ্চিমে এক মিলিয়ন বর্গফুট আয়তনের যে ইজারা-যোগ্য বিনোদন ও খুচরা বিপণন কেন্দ্রটি তৈরি হবে তার প্রভাবও নিরূপণ করবে।

এছাড়া, এই এসইআইএস তিনটি আলাদা নির্মাণ বছরসহ পর্যায়-ভিত্তিক প্রকল্প সম্পর্কেও গবেষণা করবে, যেখানে ২০০৮ সালের ইআইএস-এ সকল কার্যক্রম একটি পর্যায়ে সম্পন্ন করার কথা ভাবা হয়েছিল।

সুতরাং বর্তমান প্রকল্প ও এর পর্যায়সমূহ সম্পর্কে এখন আমি সংক্ষিপ্তভাবে ব্যাখ্যা করবো।

আমি যেমনটি বলেছি, বর্তমান প্রকল্পটিতে তিনটি পর্যায়ে কাজ করার কথা ভাবা হয়েছে:

প্রকল্পের প্রথম পর্যায়ে, যাতে ‘পর্যায় ১এ’ (Phase 1A) হিসেবে এর কার্যপরিধি নির্ধারণ করা হবে, স্পেশাল উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্টের ভেতরে এক দাগে প্রায় ২৩-একর জমি যৌথ উদ্যোক্তা প্রতিষ্ঠানটির নিকট হস্তান্তর করা হবে। লক্ষ্যণীয় যে এই সম্পত্তি হস্তান্তরে সিটির ক্ষমতা প্রয়োগের জন্য এই প্রক্রিয়ায় বাড়তি কোন অনুমোদনের প্রয়োজন নেই, কারণ এর আগে ২০০৮ সালে এই ক্ষমতাটি দেওয়া হয়।

সম্পত্তি অধিগ্রহণের পর, যৌথ উদ্যোক্তা প্রতিষ্ঠানটি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনসারভেশন-এর নজরদারির অধীনে জমিটিতে একটি সমন্বিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চালাবে। উল্লেখ্য, জমিটি কয়েক দশক ধরে দূষিত অবস্থায় রয়েছে এবং কোন ধরনের পুনঃউন্নয়ন কাজ চালানোর পূর্বে এটিকে অবশ্যই পরিষ্কার করতে হবে।

পরিষ্কার করার পর, জমিটি ১২৬ নং স্ট্রীট বরাবর খুচরা পণ্যের দোকান ও হোটেল সহ পুনঃউন্নয়ন করা হবে, এবং ১২৬ নং স্ট্রীট-এর পূর্ব দিকে সিটি ফিল্ড পার্কিং হিসেবে গড়ে তোলা হবে যেটিকে বেসবল খেলার মৌসুম বন্ধ থাকার সময় ও সম্ভবত বছরের অন্যান্য সময়ের জন্যও বিনোদনমূলক কাজে ব্যবহারের জন্য নৃপান্তরিত করা হবে।

এই বিনোদনমূলক স্থানটিতে, যেটির কার্যক্রম কমিউনিটির সাথে আলোচনা-পূর্বক নির্ধারণ করা হবে, অন্যান্য সুবিধার

পাশাপাশি থাকবে শীতকালীন একাধিক-ক্রীড়া কার্যক্রম, গাড়ি চালানোর জায়গা ও অসংখ্য খেলার মাঠ।

এই পর্যায়টি এছাড়াও বর্তমান সিটি ফিল্ড পার্কিং-এর চলাচল সিটি ফিল্ড লট ওয়েস্ট থেকে উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্টে যাতায়াতের সুবিধা প্রদান করবে। সিটি ফিল্ড পার্কিংটি পূর্ব দিকে সরে যাওয়ার পর, পূর্ব দিকের পার্কিং লটটিকে উইলেটস ওয়েস্টের সাথে মিলিয়ে উন্নয়ন করা হবে, উল্লেখ্য উইলেটস ওয়েস্ট হচ্ছে একটি বিনোদন ও খুচরা বিপণন কেন্দ্র যার নিজস্ব পার্কিং ও এক মিলিয়ন বর্গফুট ইজারা-যোগ্য স্থান রয়েছে।

লক্ষ্যণীয় যে বিদ্যমান সিটি ফিল্ড পার্কিং লটটি, যেখানে প্রস্তাবিত উইলেটস ওয়েস্টটি নির্মাণ করা হবে, বর্তমানে সাধারণ জনগণের জন্য উন্মুক্ত নয় এবং এটি কমিউনিটির জন্য কোন উন্মুক্ত খোলা জায়গাও প্রদান করছে না। প্রকল্পটির প্রথম পর্যায় ২০১৮ সাল নাগাদ শেষ হবে বলে ধারণা করা হচ্ছে।

প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ, কার্যপরিধি যেটিকে ‘পর্যায় ১বি’ (Phase 1B) হিসেবে চিহ্নিত করেছে, তা শুরু হবে সিটি-কর্তৃক ভ্যান উইক এক্সপ্রেসওয়ে (Van Wyck Expressway) এবং অ্যাক্সেস ও ইগ্রেস র‍্যাম্পস (access and egress ramps) তৈরি সম্পন্ন হওয়ার পর। এর কাজের মধ্যে থাকবে উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্ট-এর প্রথম ২৩ একর জমিকে কমিউনিটির জন্য একটি বহুমুখী ব্যবহার উপযোগী স্থান হিসেবে গড়ে তোলা যা ২০০৮ সালে অনুমোদিত মূল পরিকল্পনার সমার্থক।

ভ্যান উইক র‍্যাম্পস-এর কাজ সম্পন্ন হওয়ার পর, উইলেটস পয়েন্টের সিটি ফিল্ড পার্কিং রোজভেল্ট অ্যাভিনিউর দক্ষিণে পার্কিং স্থাপনায় স্থানান্তরিত হবে এবং উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্ট-এর এই ২৩ একর জমির উপর বিভিন্ন ভবন নির্মিত হবে। এসব ভবনে সর্বমোট ৪.২ মিলিয়ন বর্গফুট জায়গা উন্নয়ন করা হবে যার মধ্যে থাকবে ২,৫০০ আবাসন ইউনিট, যার ৩৫ শতাংশ থাকবে সাশ্রয়ী মূল্যে, এবং নতুন কমিউনিটির প্রয়োজন মেটানোর জন্য ৯০০,০০০ বর্গফুটের খুচরা বিপণন ও পরিষেবা সুবিধা, পাঁচ লক্ষ বর্গফুট অফিস ভবন, পর্যায় ১এ-তে নির্মিত হোটেল কম্প্লেক্সের অতিরিক্ত হিসেবে ২৮০টি হোটেল কম্প্লেক্স, পাঁচ একরেরও বেশি খোলা জায়গা এবং নতুন কমিউনিটির প্রয়োজন মেটানোর জন্য সরকারি বিদ্যালয়।

প্রকল্পটির দ্বিতীয় পর্যায় ২০২৮ সাল নাগাদ শেষ হবে বলে ধারণা করা হচ্ছে।

প্রকল্পের সর্বশেষ পর্যায়ে, যেটিকে কার্যপরিধিতে পর্যায় ২ (Phase 2) হিসেবে চিহ্নিত করা হয়েছে, থাকবে উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্টের বাকী প্রায় ৪১ একর জমিকে কমিউনিটির জন্য একটি বহুমুখী ব্যবহার উপযোগী স্থান হিসেবে গড়ে

তোলা, যেটি ২০০৮ সালে অনুমোদিত মূল পরিকল্পনার সমার্থক।

প্রকল্পের এই পর্যায়ের উন্নয়নের মধ্যে রয়েছে অতিরিক্ত ৩,৩৬০টি আবাসন ইউনিট, এটিরও ৩৫ শতাংশ থাকবে সাশ্রয়ী মূল্যে, ৩৪৫,০০০ বর্গফুটের খুচরা বিপণন কেন্দ্র যা কমিউনিটির প্রয়োজন মেটাতে, ২১০টি অতিরিক্ত হোটেল কক্ষ, ৪ লক্ষ বর্গফুটের কনভেনশন সেন্টার এবং ডিস্ট্রিক্টের অতিরিক্ত বাসিন্দাদের প্রয়োজন মেটাতে একটি বাড়তি স্কুল, এবং অতিরিক্ত উন্মুক্ত জায়গা, সবমিলিয়ে প্রকল্পে উন্মুক্ত স্থানের পরিমাণ দাঁড়াবে ন্যূনতম আট একর। প্রকল্পের এই সর্বশেষ পর্যায়টি ২০৩২ সালে শেষ হবে বলে ধারণা করা হচ্ছে।

লক্ষ্যণীয় যে জয়েন্ট ভেঞ্চার টিমকে প্রকল্পের পর্যায় ১এ ও ১বি উন্নয়ন করার দায়িত্ব দেওয়া হয়েছে। উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্টের বাকী ৪১ একরে প্রকল্পের পর্যায় ২-এর জন্য এখনও কোন ডেভেলপারকে দায়িত্ব দেওয়া হয়নি। তথাপি, এসইআইএস পর্যায় ২-সহ প্রকল্পের সবগুলো পর্যায়ের প্রভাব নিরূপণ করবেন এবং লিন ডো পরবর্তীতে এটি ব্যাখ্যা করবেন।

প্রকল্পটি উন্নয়নের যেভাবে পরিকল্পনা করা হয়েছে সেটি শোভমণ্ডলীর বোঝার সুবিধার্থে, এই কক্ষের সম্মুখে একটি উপস্থাপনা বোর্ড রয়েছে যাতে প্রকল্পের প্রতিটি পর্যায়ের বিস্তারিত তথ্য তুলে ধরা হয়েছে, এখানে এসে সেটি দেখে যাওয়ার জন্য আপনাদের আমন্ত্রণ রইলো।

প্রকল্পে পর্যায় ১এ-এর উন্নয়নে যৌথ উদ্যোক্তা টিম অগ্রসর হওয়ার জন্য, আমরা সিটি পরিকল্পনা কমিশনের কাছ থেকে বিশেষ অনুমোদন প্রার্থনা করছি যাতে করে উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্টের ভেতর দিকটা উপরিভাগের পার্কিং ও বিনোদনমূলক কাজে ব্যবহার করা যায়, এবং আমরা নিউ ইয়র্ক সিটি ও স্টার্লিং এনটিটিজ-এর একটি প্রতিষ্ঠানের মধ্যকার বিদ্যমান লিজ চুক্তির সংশোধন প্রার্থনা করছি যাতে করে পশ্চিম দিকের সিটি ফিল্ড পার্কিং লট-এ উইলেটস ওয়েস্ট উন্নয়ন করা যায়।

বিশেষ অনুমোদনের জন্য আমরা আনুষ্ঠানিক ইউএলইউআরপি গণ-পর্যালোচনা প্রক্রিয়া (ULURP public review process) আশা করছি যাতে করে আগামী বছরের প্রাক বসন্তে কাজ শুরু করা যায়।

আপনাদেরকে ধন্যবাদ।

লিন বলার পূর্বে, আমি পরিবেশগত পর্যালোচনা কী ও এটি কিভাবে করা হয় সে সম্পর্কে সবার স্মৃতিকে সতেজ করার জন্য কেবল এক মিনিট সময় নেবো।

আমরা যেটি বের করতে চাইছি তা হলো প্রস্তাবিত প্রকল্পটির কারণে ঘটতে পারে এমন সম্ভাব্য পরিবেশগত প্রভাব। এটি করতে, প্রকল্প সাইটটির বিদ্যমান পরিস্থিতি নির্ধারণ করা হয় এবং এটি ভিত্তি হিসেবে কাজ করে। মূলত, আমরা বর্তমানে সেখানকার অবস্থা কী তার একটি দৃশ্যপট নিয়ে থাকি।

দ্বিতীয়ত, আমরা নির্মাণের বছর নির্ধারণ করি যা বিশ্লেষণ করতে হবে। এটি হচ্ছে সেই বছর, অথবা এই সুনির্দিষ্ট পর্যায়ে তিন বছর, যে সময়ের মধ্যে প্রকল্পটি সম্পন্ন এবং ব্যবহার উপযোগী হবে বলে ধারণা করা হচ্ছে, সাংগুলো হচ্ছে ২০১৮, ২০২৮ ও ২০৩২ সাল।

তৃতীয়ত, প্রস্তাবিত প্রকল্পটির বাইরের শর্তসমূহ এই প্রতিটি নির্মাণ বছরের জন্য নির্ধারণ করা হয়। এর মধ্যে রয়েছে পারিপার্শ্বিক প্রবৃদ্ধি, নির্মাণ বছরের পূর্বে এই এলাকায় নির্মিতব্য অন্যান্য জাত প্রকল্প এবং এ জাতীয় কার্যক্রমসমূহ। এটিকে পদক্ষেপ-হীন চিত্র (No-Action Scenario) হিসেবে উল্লেখ করা হয়েছে।

এবং, সবশেষে, শর্তসমূহ -- অর্থাৎ সমন্বয় বিশ্লেষণগুলো করা হয় প্রস্তাবিত প্রকল্পটির মিশ্র পরিস্থিতিতে, এবং পদক্ষেপ-হীন ও পদক্ষেপ-যুক্ত (With-Action) দৃশ্যকল্পের মধ্যে পার্থক্যটিই পরিমাপ করা হয় প্রস্তাবিত প্রকল্পটি বিরূপ পরিবেশগত প্রভাব ফেলবে কি-না এবং ফেললে তা কত বৃহৎ বা ক্ষুদ্র পরিসরে, তা নির্ধারণের জন্য। এটি স্টেট ও সিটি উভয়ের পরিবেশগত পর্যালোচনা বিধিমালায় প্রদত্ত মানদণ্ড অনুযায়ী করা হয়।

এই স্বল্পক্ষণের সতেজকরণের পর, লিন এখন পরিবেশগত প্রক্রিয়া নিয়ে কথা বলবেন।

মিজ ডো: ধন্যবাদ, বব।

শুভ সন্ধ্যা।

আমার নাম লিন ডো। আমি একেআরএফ-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং আজ আমি এখানে এসেছি খসড়া কার্যপরিধি দলিলটি সম্পর্কে কিছু বলার জন্য, আমরা ইতোমধ্যে আপনাদের এটি দিয়েছি এবং এর অনুলিপিও নিচতলায় পাওয়া যাবে।

এসইআইএস-এর খসড়া কার্যপরিধিটি ১৮টি পরিবেশগত ক্ষেত্রে প্রকল্পের সম্ভাব্য প্রভাব নিরূপণ করবে। এগুলোর মধ্যে রয়েছে: ভূমি ব্যবহার;

আর্থসামাজিক অবস্থা;

কমিউনিটি ফ্যাসিলিটি;

উন্মুক্ত জায়গা;

ছায়া;

ঐতিহাসিক ও সাংস্কৃতিক সম্পদসমূহ; নগর পরিকল্পনা/দৃশ্যমান সম্পদসমূহ; প্রাকৃতি সম্পদসমূহ;

ঐতিহাসিক উপকরণসমূহ;

অবকাঠামো;

পরিবহন ব্যবস্থা;

বায়ুর মান;

গ্রীনহাউস গ্যাস নির্গমন;

শব্দ; এবং

জনস্বাস্থ্য।

খসড়া ইআইএস -- খসড়া এসইআইএসও প্রকল্পের নির্মাণ কাজের সম্ভাব্য প্রভাবসমূহ অন্তর্ভুক্ত করবে, পাশাপাশি প্রস্তাবিত কর্মসূচিগুলোর বিকল্পও খতিয়ে দেখবে।

যেখানে প্রকল্পের উল্লেখযোগ্য বিরূপ প্রভাব চিহ্নিত হবে, খসড়া এসইআইএস তা প্রতিকারের সম্ভাব্য পদক্ষেপসমূহও বের করবে ও যেসব উল্লেখযোগ্য বিরূপ প্রভাব অনিবার্য সেগুলো প্রকাশ করবে।

খসড়া এসইআইএস-টি সিটি পরিবেশগত মান পর্যালোচনা কারিগরি ম্যানুয়াল (City Environmental Quality Review Technical Manual), বা সিইকিউআর টেকনিক্যাল ম্যানুয়াল (CEQR Technical Manual)-এ উল্লেখ থাকা গবেষণা পদ্ধতি ও প্রভাব মানদণ্ড অনুযায়ী বিশ্লেষণটি করা হবে।

প্রতিটি পরিবেশগত ক্ষেত্রে, খসড়া এসইআইএস বিরাজমান পরিস্থিতির একটি বিবরণ তুলে ধরবে।

খসড়া এসইআইএস তিনটি বিশ্লেষণী বছরের ক্ষেত্রে ভবিষ্যৎ পরিস্থিতি নিরূপণ করবে: ১এ হিসেবে চিহ্নিত প্রকল্পের প্রথম পর্যায়ের জন্য ২০১৮; ১বি হিসেবে চিহ্নিত প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের জন্য ২০২৮; এবং

উইলেটস ওয়েস্ট এবং স্পেশাল উইলেটস ডিস্ট্রিক্ট-উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্ট-এর পূর্ণাঙ্গ নির্মাণের জন্য ২০৩২।

খসড়া কার্যপরিধি দলিলটিতে প্রত্যেকটি পরিবেশগত ক্ষেত্রের জন্য প্রযোজ্য দৃষ্টিভঙ্গি ও গবেষণা পদ্ধতির বিস্তারিত তুলে ধরা হয়েছে, তথাপি খসড়া এসইআইএস-টি বিস্তারিতভাবে খতিয়ে দেখতে এরূপ কিছু নির্দিষ্ট ক্ষেত্রের উপর আমি গুরুত্বারোপ

করার চেষ্টা করবো।

২০০৮ সালের এফজিইআইএস-এর বিশ্লেষণ থেকে ভিন্নতর উন্নয়ন শিডিউল অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পটি আবাসিক ইউনিটের সংখ্যা বৃদ্ধি করবে বিধায়, প্রকল্পটির ফলে পরোক্ষ বাস্তুচ্যুতির উল্লেখযোগ্য বিরূপ প্রভাবের ফলাফল পড়বে কি-না তা আর্থসামাজিক পরিস্থিতি অধ্যায়ে নিরূপণ করা হবে।

গবেষণা এলাকাটির আধ মাইলের মধ্যে এমন কোন জনগোষ্ঠী বাস করে কি-না যারা বর্ধিত ইজারার কারণে বাস্তুচ্যুত হওয়ার ঝুঁকিতে রয়েছে, বিশ্লেষণটিতে সেটিও বের করা হবে।

জিইআইএস-এর বিশ্লেষণে ও তৎপরবর্তী কারিগরি স্মারকে যেমনটি দেখানো হয়েছে, প্রস্তাবিত প্রকল্পটির কারণে একই ধরনের সরাসরি ব্যবসায়িক বাস্তুচ্যুতিও ঘটবে। সুতরাং, এই এসইআইএসটি প্রকল্প এলাকায় থাকা ব্যবসা প্রতিষ্ঠান সম্পর্কে হালনাগাদকৃত তথ্য ও তাদের বাস্তুচ্যুতির সম্ভাব্য সময়ের তথ্য প্রদান করবে।

এছাড়া প্রস্তাবিত প্রকল্পটিতে ভূমির বাণিজ্যিক ব্যবহার বৃদ্ধি-জনিত কারণে বর্ধিত ইজারার চাপে গবেষণা এলাকার আধ মাইলের মধ্যে উল্লেখযোগ্য পরোক্ষ ব্যবসায়িক বাস্তুচ্যুতির চাপ তৈরি করবে কি-না সেটিও নিরূপণ করবে।

এবং, সবশেষে, অধ্যায়টি এছাড়াও প্রকল্পটির এক মিলিয়ন বর্গফুট আয়তনের স্থান বিনোদন ও খুচরা বিপণন কাজে ব্যবহারের ফলে তা বাণিজ্যিক এলাকার ব্যবসায়িক পরিস্থিতির উপর কোন প্রভাব ফেলবে কি-না সেটিও বিবেচনা করবে।

কমিউনিটি ফ্যাসিলিটিসমূহ নামক অধ্যায়টি সরকারি বিদ্যালয় ও সরকারি শিশু সেবা প্রতিষ্ঠানের চাহিদাসহ কমিউনিটি পরিষেবাসমূহের প্রভাব মূল্যায়ন করবে।

ক্ষতিকর উপকরণ অধ্যায়ে নিম্নলিখিত ডাটাবেজ পর্যালোচনার উপর ভিত্তি করে স্পেশাল উইলেটস পয়েন্ট ডিস্ট্রিক্টের সাইট পরিবেশে যে কোন প্রাসঙ্গিক পরিবর্তনের সারসংক্ষেপ অন্তর্ভুক্ত থাকবে, পাশাপাশি প্রকল্পের নতুন পর্যায় নির্ধারণের উপর ভিত্তি করে সংশোধনমূলক কর্ম পরিকল্পনা এবং/অথবা নির্মাণ, স্বাস্থ্য ও নিরাপত্তা পরিকল্পনায় কোন পরিবর্তন সাধনের প্রয়োজনীয়তায় সাড়া দেওয়ার বিষয়টিও এই অধ্যায়ে অন্তর্ভুক্ত থাকবে।

বর্তমান প্রকল্পের উইলেটস ওয়েস্ট অংশটি ২০০৮-এর এফজিইআইএস-এ বিশ্লেষণ না হওয়ায়, ক্ষতিকর উপকরণ অধ্যায়ে সেসব পরিস্থিতির বিবরণ এবং সাইটের সে অংশে কোন সম্ভাব্য ক্ষতিকর উপকরণের বিবরণও অন্তর্ভুক্ত থাকবে।

প্রস্তাবিত প্রকল্পটির আওতায় ডিস্ট্রিক্টে সংশোধন, মান নিরূপণ ও অবকাঠামো উন্নয়নের কাজ ক্রমবর্ধমান হারে করা

হবে বিধায়, পর্যায় ১এ ও ১বি এর মধ্যবর্তী পূর্বাঞ্চলীয় অংশে শিল্পের জন্য ব্যবহার্য এমন কোন উন্মুক্ত জায়গা থাকবে না, যা বিদ্যমান থাকবে ও পরে উন্নয়ন করা হবে, বিদ্যমান ক্ষতিকর উপকরণ যাতে সাইটের উন্নয়ন করা অংশে না যেতে পারে সেটি নিশ্চিতকরণে বাড়তি সুরক্ষা প্রয়োজন হবে।

এ ছাড়াও এটি এ ধরনের সুরক্ষার প্রয়োজনীয়তাকে বিবেচনা করবে এবং এসইআইএস-এ বিবৃত অঙ্গীকারগুলো যাতে বাস্তবায়িত হয় সেটি নিশ্চিতকরণের পদ্ধতি ব্যাখ্যা করবে।

পরিবহণ ব্যবস্থা অধ্যায়ে স্থানীয় যান চলাচল, পার্কিং, গমনাগমন ও পথচারি পারাপার পরিস্থিতির উপর প্রকল্পটির প্রভাব বিশ্লেষণ করা হবে।

এতে প্রায় ৩২টি স্থানীয় সংযোগস্থল ও ১৩টি মহাসড়ক নেটওয়ার্ক অবস্থানের উপর মূল্যায়ন পরিচালনা করা হবে। প্রস্তাবিত অবস্থানগুলো খসড়া কার্যপরিধি দলিলের চিত্র ৮-এ দেওয়া হয়েছে।

তিনটি বিশ্লেষণ বছরের প্রতিটির জন্য মোট সাতটি সময়কালের বিস্তারিত যান চলাচল বিশ্লেষণ করা হবে।

পার্কিং চাহিদা ও সরবরাহও বিস্তারিতভাবে নিরূপণ করা হবে, পাশাপাশি গণপরিবহন ব্যবস্থা ও এলাকার পথচারী চলাচল ফ্যাসিলিটিসমূহের প্রকল্পের সম্ভাব্য চাহিদাও নিরূপণ করা হবে।

পরিবহণ ব্যবস্থা বিশ্লেষণের অংশ হিসেবে একটি যানবাহন ও পথচারী নিরাপত্তা পরিকল্পনাও নিরূপণ ও পরিচালনা করা হবে।

এসইআইএস এছাড়াও প্রস্তাবিত প্রকল্প উৎসারিত গ্রীনহাউজ গ্যাস নির্গমনের দিকটিও পর্যালোচনা করবে এবং পিএলএএনওয়াইসি (PlaNYC) ও ২০০৮ সালের স্থানীয় আইন ২২ (local law 22 of 2008)-এর আওতায় নির্ধারিত সিটির গ্যাস নির্গমন হ্রাসকরণ লক্ষ্যের সাথে এর সঙ্গতি নিরূপণও অন্তর্ভুক্ত করবে।

খসড়া কার্যপরিধি দলিলে যেমনটি উল্লেখ রয়েছে ও সিটির সিইকিউআর কারিগরি ম্যানুয়ালে (CEQR Technical Manual) যেমনটি নির্দেশ করা হয়েছে, পরিবেশগত সমন্বয় বিষয়ক মেয়রের কার্যালয় ও জলবায়ু পরিবর্তন বিষয়ে কাজ করা এলাকার সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সাথে আলোচনা অনুর্তিত হবে।

এসইআইএস এছাড়াও যানবাহন ও পথচারি পারাপার, বায়ুর মান, শব্দ প্রভৃতির উপর প্রকল্পের নির্মাণ সংক্রান্ত সম্ভাব্য প্রভাব নিরূপণ করবে। এটি ধারণাগত নির্মাণ সময়সূচি বর্ণনা করবে ও তিনটি পর্যায়ের বাস্তবায়ন ও সাইটের আওতাধীন

কার্যক্রমের প্রাক্কলন করবে, এর মধ্যে প্রকল্পের প্রাথমিক পর্যায়ে ডিস্ট্রিক্টের বিদ্যমান ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহকে প্রবেশাধিকার প্রদানের প্রয়োজনীয়তাও অন্তর্ভুক্ত রয়েছে।

আশা করা হচ্ছে যে পর্যায়গুলোর নির্মাণ কাজের -- মাপ করবেন, প্রকল্পের পূর্ণাঙ্গ নির্মাণ কাজের জন্য, একটি সংখ্যাগত বিশ্লেষণও প্রস্তুত করা হবে এবং পূর্বেক্ত পর্যায়গুলো বিশ্লেষণের প্রয়োজনীয়তা প্রাথমিকভাবে নির্ভর করবে কিভাবে ক্রমবর্ধমান নির্মাণ ও পরিচালনা কার্যক্রম পূর্ণাঙ্গ নির্মাণ কাজের সাথে তুলনীয় হয় তার উপর।

এসব নির্মাণ প্রভাব হ্রাস করার বা এড়ানোর পদক্ষেপসমূহও চিহ্নিত করা হবে।

খসড়া এসইআইএস প্রস্তাবিত প্রকল্পটির বিকল্পসমূহ পর্যালোচনা করবে যা উল্লেখযোগ্য বিন্দু প্রভাব এড়াতে বা হ্রাস করবে। এসব বিকল্পসমূহকে এছাড়াও প্রস্তাবিত প্রকল্পটির বিবৃত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের সাথে তুলনা করা হবে।

আপনাদেরকে ধন্যবাদ।

শুনানী কর্মকর্তা: অসাধারণ।

আপনাকেও ধন্যবাদ। আপনাকে ধন্যবাদ, লিন।

আলোচনা অব্যাহত রাখার পূর্বে আমাদের একটি ছোট্ট ঘোষণা রয়েছে।

স্প্যানিশ দোভাষী: (স্প্যানিশে কথা বলছেন।)

আজ রাতে আমরা যেসব মতামত শুনছি, সেগুলো -- বা মতামত প্রদানের পর যা এখানে জমা দেওয়া হয়েছে, তা এই পরিবেশগত প্রভাব বিবৃতির কার্যপরিধিটি আরও পরিমার্জিত করতে ব্যবহৃত হবে। এবং চূড়ান্ত কার্যপরিধিটিতে এখানে গৃহীত সকল মৌখিক ও লিখিত উভয় প্রকার স্বতন্ত্র প্রস্তাবসমূহ বিবেচনার প্রতিফলন থাকবে। চূড়ান্ত কার্যপরিধিটি এরপর জিইআইএস প্রস্তুতকরণের কাজে ব্যবহৃত হবে।

যাতে করে আমরা এই আলোচনা অব্যাহত রাখতে পারি ও সবার মতামত শুনতে পারি, তাই ঝটপট আজকে আপনাদের মতামত শোনার জন্য আমি কিছু প্রক্রিয়া অনুসরণ করবো।

মতামতগুলো সুশৃঙ্খলভাবে নেওয়া হয়েছে কি না তা নিশ্চিত করা আমার দায়িত্ব, যাতে করে সেগুলো যথাযথভাবে নথিভুক্ত হয় ও আমরা যা বলেছি তার সঠিক প্রতিফলন নথিতে ঘটে এবং আমরা যাতে সবার কথা শুনতে পারি ও আপনাদের বক্তব্য ঠিক কী তা জানতে পারি।

আজকের সভা কার্যক্রম নথিভুক্ত করার জন্য আমাদের একজন কোর্ট সঁটলিপিকার রয়েছে। এবং আমি পুনর্ব্যক্ত করতে চাই যে আজ রাতের সভাটির উদ্দেশ্য হচ্ছে নিম্নোক্ত বিষয়াদিসহ পরিবেশগত পর্যালোচনা কিভাবে করতে হয় সে সম্পর্কে মতামত শোনা:

বিশ্লেষণের জন্য ইতোমধ্যে চিহ্নিত এলাকাগুলোতে কি কোন উপায়ে পরিবর্তন সাধন প্রয়োজন এবং কিভাবে সে পরিবর্তন করতে হবে?

অন্যান্য এলাকা বিবেচনা করার দরকার হলে কী হবে? এবং প্রকল্প টিম-এর জানা উচিত এমন কোন তথ্য, বা এ জাতীয় মতামত রয়েছে কিনা?

আমি বক্তাদেরকে যে ধারাবাহিকতায় ডাকবো তা হচ্ছে: আমরা প্রথমে নির্বাচিত কর্মকর্তাগণ, যদি থাকেন, তাদের প্রতিনিধিগণ, সিটি বা স্টেট সংস্থার যেকোন প্রতিনিধি এবং তারপর সাধারণ জনগণের বক্তব্য শুনবো।

আমি এইমাত্র যেমনটি বলেছি, আপনি কথা বলতে চাইলে, আপনাকে একটি বক্তা কার্ড পূরণ করতে হবে যাতে করে আমরা আপনার পরিচয় জানতে পারি এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য আপনার সাথে যোগাযোগ রাখতে পারি। কার্ডগুলো সহজেই পাওয়া যাবে, এবং আপনি যদি ইতোমধ্যেই সাইন আপ না করে থাকেন, তাহলে আপনি এখন সেটি করতে পারেন।

সাইন আপ বিন্যাস অনুযায়ী আমি লোকজনকে বাছাই করবো, এবং একবারে তিনটি নাম ডাকবো যাতে পরবর্তী বক্তা প্রস্তুতি নিতে পারেন। আপনার পালা আসার পরও আপনি যদি বলার জন্য প্রস্তুত না হন, তাহলে আপনার কার্ডটি প্যাকেটের শেষে রাখা হবে এবং আপনাকে মেসময় ডাকা হবে, যারা কথা বলতে চান তাদের প্রত্যেক যাতে কথা বলতে পারেন সেটি আমরা নিশ্চিত করবো।

আমি আপনাদেরকে অন্যান্য অংশগ্রহণকারীর প্রতি সজ্ঞন হতে এবং অন্য কেউ কথা বলার সময় বিঘ্ন না ঘটাতে এবং পারিপার্শ্বিক শব্দ ন্যূনতম রাখতে অনুরোধ করবো।

যারাই কথা বলতে চান তাদের বলার সুযোগ থাকবে।

কথা বলার জন্য প্রত্যেক ব্যক্তির তিন মিনিট করে সময় থাকবে এবং ৩০ সেকেন্ড আগে আমরা আপনাকে সংকেত দেবো। মাইক্রোফোন নেওয়ার পর, অনুগ্রহ করে আপনার নাম বলুন এবং আপনার নামটি আমার নামের মতো কিছুটা কঠিন হলে সেটির বানানও বলুন যাতে করে সঁটলিপিকারের লিখতে সুবিধা হয়। আপনি যদি অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীর পক্ষ হয়ে

কথা বলেন, অনুগ্রহ করে তাদের পরিচয় বলুন।

অনুগ্রহ করে স্পষ্টভাবে বলুন যাতে করে আপনার মতামতের সঠিক নথি রাখা সম্ভব হয়। আপনার তিন মিনিট সময় শেষ হলে, অনুগ্রহ করে বলা থামান।

আপনি আজ রাতে যে মতামত দিয়েছেন তার সাথে সম্পূর্ণকিছু যোগ করতে চাইলে আপনি মঙ্গলবার, ৯ অক্টোবর, ২০১২, বিকেল ৫:০০টা পর্যন্ত সময় পাবেন। সম্পূর্ণকিছু মতামত আমার পাশে বসা রব হলব্রুককে (Rob Holbrook) নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক উন্নয়ন কর্পোরেশন, ১১০ উইলিয়াম স্ট্রিট, নিউ ইয়র্ক (New York City Economic Development Corporation, 110 William Street, New York)-এই ঠিকানায় অথবা তার ইমেইল ঠিকানা r-h-o-l-b-r-o-o-k @nycedc.com-তে পাঠানো যাবে।

আপনি এই সন্ধ্যায় ব্যক্ত করা মতামতের লিখিত অনুলিপি আমাকে দিতে চাইলে আমি সেটি গ্রহণ করবো।